

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়  
পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ  
'আমার বাড়ি আমার খামার' প্রকল্প  
www.abak-rdcd.gov.bd


স্মারক নম্বর: আবাবাখা/ প্রশা/বান্দরবান/২০৭/২০১০- ৫৬৪০

তারিখ: ১৪.০৬.২০২১ খ্রি.

বিষয়: প্রকল্পের চাকুরি হতে চূড়ান্ত অব্যাহতি করণ প্রসঙ্গে।

জনাব উসাই সুই মার্মা, নৈশ প্রহরী, আমার বাড়ি আমার খামার প্রকল্প, আলীকদম, বান্দরবান-আপনি গত ২৬.০৭.২০২০ তারিখে আমার বাড়ি আমার খামার প্রকল্প ও পল্লী সঞ্চয় ব্যাংক, আলীকদম, বান্দরবান শাখায় ঋণ বিতরণের উদ্দেশ্যে সোনালী ব্যাংক, আলীকদম, বান্দরবান শাখা হতে উত্তোলিত ২২,৪০,০০০/- ( বাইশ লক্ষ চল্লিশ হাজার ) টাকা অফিসে জমা প্রদান না করে আত্মসাৎ করে পালিয়ে যান। পরবর্তীকালে ফৌজদারি কার্যবিধি আইনের ৫৪ ধারায় আপনি আলীকদম, বান্দরবান থানা পুলিশ কর্তৃক গ্রেপ্তার হন মর্মে উপজেলা নির্বাহী অফিসার আলীকদম, বান্দরবান প্রকল্প সদর দপ্তরকে লিখিতভাবে অবহিত করেছেন। উক্ত অভিযোগের প্রেক্ষিতে বিগত ১৬ আগস্ট ২০২০ তারিখে ২৩৫ নং স্মারক মূলে আপনাকে প্রকল্পের চাকুরি হতে সাময়িকভাবে বরখাস্ত করা হয়। বর্তমানে দুর্নীতি দমন কমিশন আইনে মামলাটি চলমান রয়েছে।

বর্ণিত বিষয়টি অত্যন্ত হতাশাজনক, গুরুতর অসদাচারণ, অর্থ আত্মসাৎ এবং শৃঙ্খলা পরিপন্থী। আপনাকে প্রকল্পের কাজে বহাল রাখা সমীচীন নয় বলে প্রকল্প কর্তৃপক্ষ মনে করেন। এমতাবস্থায়, নিয়োগ পত্রের ৬ নং শর্তানুযায়ী জনাব উসাই সুই মার্মা, আপনাকে প্রকল্পের চাকুরি হতে চূড়ান্ত অব্যাহতি করা হলো।



(আকবর হোসেন)

প্রকল্প পরিচালক (প্রতিরিক্ত সচিব)

ফোনঃ ০২-৯৩৫৯০৮৩, ফ্যাক্সঃ ০২-৯৩৪৮২০৬

জনাব উসাই সুই মার্মা, নৈশ প্রহরী (অব্যাহতি প্রাপ্ত)  
আমার বাড়ি আমার খামার প্রকল্প,  
আলীকদম, বান্দরবান।

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) ব্যবস্থাপনা পরিচালক, পল্লী সঞ্চয় ব্যাংক, ৭১-৭২, ইস্কাটন গার্ডেন, ঢাকা-১০০০,।
- ২) জেলা প্রশাসক, বান্দরবান।
- ৩) উপজেলা নির্বাহী অফিসার, আলীকদম, বান্দরবান।
- ৪) প্রোগ্রামার, আমার বাড়ি আমার খামার প্রকল্প (প্রকল্পের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৫) জেলা সমন্বয়কারী, আমার বাড়ি আমার খামার প্রকল্প, বান্দরবান।
- ৬) উপজেলা সমন্বয়কারী/ শাখা ব্যবস্থাপক, আমার বাড়ি আমার খামার প্রকল্প, আলীকদম, বান্দরবান।
- ৭) অফিস নথি।